

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিলবা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০১৫.২৬-২৪৭
বিষয়: বিভাগীয় মামলার ব্যক্তিগত শুনানি।

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৬ জুন ২০২৬

আপনি জনাব খন্দকার সায়েদুর রহমান (সাময়িক বরখাস্ত), সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, শিবালয়, মানিকগঞ্জ হতে সদর, সুনামগঞ্জ কার্যালয়ে ২৯.০৪.২০২৬ খ্রি. তারিখের ৩৪.০১.০০০০.০০০.০০৫.১৯.০১২.২৬-৭৭৭ সংখ্যক স্মারকে বদলীকৃত। আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক অত্র দপ্তরের গত ১১.০৫.২০২৫ খ্রি. তারিখের ৩৪.০১.০০০০.০০৭.২৭.০১৫.২৬-২১৮ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা চালু করা হয়। আপনার আবেদনের প্রেক্ষিতে আগামী ১৫.০৬.২০২৬ খ্রি. তারিখ সকাল ১১:০০ ঘটিকায় মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের অফিস কক্ষে বিভাগীয় মামলার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হবে।

বর্ণিতাবস্থায়, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে আপনার জবাবের স্বপক্ষে প্রমাণাদি/কাগজপত্রাদিসহ শুনানিতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৬.০৬.২০২৬
মোঃ আতিকুর রহমান
উপপরিচালক(প্রশাসন-১)
ফোন: ২২৩৩৮৯৯৫২

জনাব খন্দকার সায়েদুর রহমান (সাময়িক বরখাস্ত)
সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
যুব উন্নয়ন অধিদপ্তর
সদর, সুনামগঞ্জ।

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০১৫.২৬-২৪৭

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৬ জুন ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মানিকগঞ্জ/সুনামগঞ্জ।

০৩। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৪। সহকারী পরিচালক (প্রশাসন-৩), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শিবালয়, মানিকগঞ্জ/সদর, সুনামগঞ্জ (বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত করণের অনুরোধসহ)।

০৬। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৭। পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৮। অফিস কপি।

০৬/৬/২৬
(শহিদুল ইসলাম)
সহকারী পরিচালক (প্রশাসন-৪)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।